

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : সমাজ কল্যাণ কমিটির এপ্রিল/২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ০৯/০৪/২০২২ খ্রিঃ।

সময় : বেলা-১২.৩০ টা

স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, কালিয়া, নড়াইল।

সভাপতি : মোসাঃ সোহেলী পারভীন নিরী
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন।। অতঃপর তিনি বিগত ১২/০২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে পুনঃগুরুত্বারোপ করেন।

সভায় উপস্থিত উপজেলা সমাজ সেবা অফিসার জানান যে, বর্তমানে উপজেলার বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্তা, প্রতিবন্ধীদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হয়েছে। এদের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে ভাতা প্রদানের আওতাভুক্ত করা হয়েছে। বাকীদের পর্যায়ক্রমে ভাতা প্রদান করা হবে। যতদিন তাদের ভাতা প্রদান সম্ভব হবে না ততদিন তাদের সরকারের অন্য সুযোগ সুবিধা প্রদান করা হবে। এ ছাড়া তিনি আরো জানান এ সকল অসহায় মানুষদের জীবন-মান উন্নয়নে সরকারের প্রতিনিধি হিসেবে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সমাজের এ শ্রেণীর মানুষের দুঃখ-কষ্ট লাঘবে সচেষ্ট হওয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করেন বিশেষ করে জনপ্রতিনিধিদের সহযোগিতার হাতকে আরো প্রসারিত করার আহবান জানান।

সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ উপজেলা সমাজ সেবা অধিদপ্তরের এরূপ কার্যক্রমে সর্বদা সাবিক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা সমাজ কল্যাণ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২২-৫৫

তারিখ : ০৯/০৪/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

০২।

সদস্য সচিব

উপজেলা সমাজ কল্যাণ কমিটি

ও

উপজেলা সমাজসেবা অফিসার

কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০ ২৪৩

তারিখ :- ০৫/০৮/২২ খ্রিঃ।

বিষয় : উপজেলা সমাজ কল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির ০৫/০৮/২২ মাসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২/০৮/২২ খ্রিঃ তারিখ বেলা- ০২:৩০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা সমাজ কল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)
সভাপতি
উপজেলা সমাজ কল্যাণ কমিটি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপক : জনাব